তারিখ ......2 APR 2008

# একটি তৃতীয় বিভাগ বা শ্রেণীপ্রাপ্তরা বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক হতে পারবেন

বিগত সরকারের আমলের ৯ দফা চুক্তির ৯নং দফা বাতিল করে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে একটি তৃতীয় শ্রেণী বা বিভাগপ্রাপ্তদেরকেও শিক্ষক হিসাবে নিয়োগ দেওয়ার বিষয়ে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এছাড়া অর্থায়ন সাপেক্ষে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের ১০০ ভাগ বেতনভাতা প্রদানের বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

শিক্ষক-কর্মচারি ঐক্যজোটের ৩১ সদস্যের এক প্রতিনিধিদল মঙ্গলবার শিক্ষা মন্ত্রী ড. এম ওসমান ফারুকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাত করলে মন্ত্রী তাঁদেরকে সরকারের এ সিদ্ধান্তের কথা জানান। শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী প্রফেসর এম শরীফুল ইসলাম এবং সমন্বয়কারী মোঃ সেলিম ভূইয়া প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। খবর তথ্য বিবরণীর।

শিক্ষা উপমন্ত্রী মোঃ আব্দুস সালাম পিন্টু এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালক প্রফেসর সালাউদ্দিন এ সময় উপস্থিত ছিলেন।

প্রতিনিধিদল বেসরকারী শিক্ষক-কর্মচারীদের জন্য টাইম স্কেল প্রদান, চাকরি বিধি প্রবর্তন ও প্রতিষ্ঠান পরিচালনা কমিটিতে রাজনৈতিক ব্যক্তির পরিবর্তে সরকারী কর্মকর্তাদের সভাপতি হিসাবে নিয়োগ দেয়ার দাবি উপস্থাপন করে।

মন্ত্রী বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে ষ্টাফিং প্যাটার্ন নির্ধারণের জন্য যুগ্ম-সচিবের নেতৃত্বে ছয় সদস্যের একটি কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশ দেন। তিনি শিক্ষক-কর্মচারীদের তাঁদের ওপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালনের আহ্বান জানান।

প্রতিনিধিদলে অন্যান্যের মধ্যে মাওলানা এমএ লতিফ, মোঃ শফিকুল আলম ও অধ্যক্ষ ইসহাক হোসেন উপস্থিত ছিলেন।